

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৮৭.১৭-২০৬২


তারিখ: ১০ আশ্বিন ১৪৩০  
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক পাবলিক টয়লেট নির্মাণে মডেল টয়লেটের ডিজাইন অনুসরণ প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের পরিকল্পনা-৩ শাখার স্মারক নং-৫৪৫, তারিখ: ১৩/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক পাবলিক টয়লেট নির্মাণে মডেল টয়লেটের ডিজাইন অনুসরণের বিষয়ে এ বিভাগের পরিকল্পনা-৩ শাখা হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



(মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া)  
উপ সচিব

ফোনঃ ০২-২২৩৩৫৫২৭৩

E-mail: [lgpaura2@lgd.gov.bd](mailto:lgpaura2@lgd.gov.bd)

মেয়র/প্রশাসক (সকল)

.....পৌরসভা

জেলা:.....।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব, পৌর-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-৩ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

২৯ ভাদ্র ১৪৩০

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২০

নম্বর: ৪৬.০০.০০০০.০৯৫.৯৯.৯৭২.২১-০৪০২

বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক পাবলিক টয়লেট নির্মাণে মডেল টয়লেটের ডিজাইন অনুসরণ।

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং ওয়াসাসমূহ নিরলস কাজ করে চলেছে। জাতিসংঘের টেকসই উন্নয়ন অর্ডার ৬ এর ৬.২ লক্ষ্যমাত্রা হলো “২০৩০ সালের মধ্যে স্কাঙ্কলের জন্য পর্যাপ্ত ও সমতাভিত্তিক স্যানিটেশন ও স্বাস্থ্যসম্মত জীবনরীতিতে অভিগম্যতা নিশ্চিত করা এবং নারী ও বালিকাসহ অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠির চাহিদার প্রতি বিশেষ দৃষ্টি রেখে খোলা জায়গায় মলত্যাগের অবসান ঘটানো।”

০২। এ পরিপ্রেক্ষিতে পাবলিক টয়লেট নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রাখতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

ক. পাবলিক টয়লেট কম্পাউন্ড/ভবনে-এ নারী ও পুরুষের জন্য বিপরীত দিক থেকে আলাদা প্রবেশপথ নিশ্চিত করতে হবে;


খ. নারী এবং বালিকাদের টয়লেট নির্মাণের ক্ষেত্রে তাদের ব্যবহৃত হাতব্যাগ, মোবাইল, ওড়না ইত্যাদি টয়লেটের অভ্যন্তরে রাখার আলাদা ব্যবস্থা রাখতে হবে;

গ. পাবলিক টয়লেট নির্মাণে বিশেষ চাহিদাসম্পন্ন, বয়স্ক এবং শিশুদের চাহিদার প্রতি লক্ষ্য রেখে র‍্যাম্প (হাতলসহ), ব্যাসিনেট এবং কমোডের ব্যবস্থা রাখতে হবে অর্থাৎ পাবলিক টয়লেট-কে ব্যবহারকারীদের নিকট আকর্ষণীয় করতে হবে;

০৩। উপর্যুক্ত লক্ষ্যমাত্রা অর্জনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে একটি মডেল টয়লেটের ডিজাইন ও ড্রয়িং তৈরি করা হয়েছে যা অনুসরণ করা যেতে পারে। এ মডেল টয়লেটে পুরুষ ও মহিলা এবং বিশেষ চাহিদা সম্পন্নদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। মডেল টয়লেটের ডিজাইন ও ড্রয়িং সংক্রান্ত একটি কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৪। এমতাবস্থায়, মডেল টয়লেটের ডিজাইন ও ড্রয়িং অনুসরণপূর্বক নারী, শিশু এবং বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য ব্যবহার উপযোগী পাবলিক টয়লেট নির্মাণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রণীত পাবলিক টয়লেটের ড্রয়িং ও ডিজাইন

  
২০.০৯.২০২০  
(ড. মোঃ বেলাল হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫৯২১

[planning3.lgd@gmail.com](mailto:planning3.lgd@gmail.com)

**বিতরণ:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা (সকল)।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮. মেয়র, .....গৌরসভা (সকল)।